



ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

মাদ্রাসা পরিদর্শন দফতর

www.iau.edu.bd iauins13@gmail.com



বাড়ি নং-১২৪/৯০/০৩ ব্রক-বি, সড়ক নং-০২, ওয়েস্ট ধানমন্ডি, বহিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/চট্ট-২১৩/২০১৭/১২২৬০

তারিখ: ০১ ভাদ্র ১৪৩০ বঙ্গাব্দ
১৬ আগস্ট ২০২৩ খ্রিস্টাব্দ


অফিস আদেশ

আউশপাড়া ফাজিল মাদ্রাসা, ডাকঘরঃ আউশপাড়া, উপজেলাঃ লাকসাম, জেলাঃ কুমিল্লা-এর ফাজিল স্নাতক(পাস)বি,এ/বিএস.এস স্তরের অধিভুক্তি নবায়নের বিষয়ে অধ্যক্ষের ২০.০২.২০২৩ খ্রিঃ তারিখের জমাকৃত আবেদন ও ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তি নবায়ন সংক্রান্ত বিধি অনুযায়ী গঠিত ০১ (এক) সদস্য বিশিষ্ট তদন্ত কমিটির দাখিলকৃত প্রতিবেদনের প্রেক্ষিতে মাদ্রাসাটির ফাজিল স্নাতক (পাস) বি,এ/বিএস.এস স্তর নিম্নবর্ণিত শর্তে ২৮.০৬.২০২৩ খ্রিঃ থেকে ২৭.০৬.২০২৭ খ্রিঃ তারিখ পর্যন্ত ০৪ (চার) বছরের জন্য অধিভুক্তি নবায়ন করা হলো :

শর্তসমূহ :

১. শিক্ষক ও শিক্ষার্থীদের জন্য পৃথক টয়লেটের ব্যবস্থা এবং টয়লেট সংখ্যা বৃদ্ধি করতে হবে।
২. ঝুঁকিপূর্ণ ভবনে পাঠদান বন্ধ করে দ্রুত ভবন সংস্কার করতে হবে।
৩. মাদ্রাসার পিছনে সীমানা প্রাচীর নির্মাণ করে চারপাশে পরিষ্কার পরিচ্ছন্নতা নিশ্চিত করতে হবে।
৪. মাদ্রাসার অধ্যক্ষ, গভর্নিং বডি এবং শিক্ষকদের মধ্যে সমন্বয়ের মাধ্যমে সার্বিক উন্নয়নের চেষ্টা করতে হবে।
৫. মাদ্রাসার যাবতীয় ব্যয় গভর্নিং বডির সভায় অনুমোদন নিতে হবে।
৬. অধিভুক্তি নবায়নের মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে পুনঃনবায়নের জন্য আবেদন করতে হবে।

মাননীয় ভাইস চ্যান্সেলর-এর অনুমোদনক্রমে



(ড. জাভেদ আহমাদ)

সহকারী পরিদর্শক (অতিরিক্ত দায়িত্ব)

মাদ্রাসা পরিদর্শন দফতর

মোবাইলঃ ০১৭১৪-২০২০৬৬

অধ্যক্ষ

আউশপাড়া ফাজিল মাদ্রাসা


ডাকঘরঃ আউশপাড়া, উপজেলাঃ লাকসাম, জেলাঃ কুমিল্লা।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/চট্ট-২১৩/২০১৭/১২২৬০

তারিখ: ০১ ভাদ্র ১৪৩০ বঙ্গাব্দ
১৬ আগস্ট ২০২৩ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :

- ১। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এবং ১০ম তলা), নিউ বেইলি রোড, রমনা, ঢাকা-১০০০।
- ২। চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা-১২১১।
- ৩। রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, (একাডেমিক কমিটির সভায় রিপোর্ট করার জন্য)।
- ৪। পি.এস টু ভিসি (দায়িত্বপ্রাপ্ত), ভাইস চ্যান্সেলর দপ্তর (ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।
- ৫। আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৬। সভাপতি, আউশপাড়া ফাজিল মাদ্রাসা, ডাকঘরঃ আউশপাড়া, উপজেলাঃ লাকসাম, জেলাঃ কুমিল্লা।
- ৭। অফিস নথি।



(মুহাম্মদ শুফুর রহমান)

সেকশন অফিসার

মাদ্রাসা পরিদর্শন দফতর

মোবাইলঃ ০১৯৭০-৮৭৭৮৭৮